


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা  
সংসদ ও সমন্বয় শাখা  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০০.০০৯.০০৬.০০.৩৪.২০১৫(২).৭ন

তারিখ : ২৩/০৩/২০১৭ খ্রি:।

বিষয় : জানুয়ারী ও ফেব্রুয়ারী/২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জানুয়ারী ও ফেব্রুয়ারী/২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো।

  
(রহমান রহমান শম্পা)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৩৪৯২৩০

[dsparliament@probashi.gov.bd](mailto:dsparliament@probashi.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ০১। অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল/প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৫। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। উপসচিব (সকল)/উপপ্রধান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (সকল), প্রকবৈকম, ঢাকা।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা(ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ১২। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা  
সমন্বয় শাখা

|                              |   |   |
|------------------------------|---|---|
| সভাপতি                       | : | জনাব জাবেদ আহমেদ<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময়            | : | ১৫.০৩.২০১৭, সকাল ১১.০০ ঘটিকা।   |
| সভার স্থান                   | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ।  |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।   |

সচিব মহোদয় সরকারী কাজে ঢাকার বাহিরে থাকায় অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভায় সভাপতিত্ব করেন। সভাপতি উপস্থিত সকলকে শ্রুভেষ্ণা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ১৮-০১-২০১৭ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হলে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃষ্টিকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনা ও সিদ্ধান্ত :

| আলোচ্য বিষয়                         | গত সভার সিদ্ধান্ত  | আলোচনা  | গৃহীত সিদ্ধান্ত   | ব্যক্তি/ব্যক্তি                                    |
|--------------------------------------|--|---|---|--|
| ১                                    | ২  | ৩   | ৪   | ৫  |
| ১.১<br>বার্ষিক কর্মসম্পাদন<br>চুক্তি | ১) আগামী ২৮/০২/২০১৭<br>তারিখের মধ্যে ই-ফাইলিং<br>প্রবর্তন করতে হবে।  | ক. (১) যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জানান যে, এ<br>মন্ত্রণালয়, বিএমইটি, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড ও<br>বোয়েসেলে ই-ফাইলিং প্রবর্তন করা হয়েছে।<br>মন্ত্রণালয়ে প্রাথমিকভাবে সংসদ ও সমন্বয় শাখায় গত<br>২৬.০২.২০১৭ তারিখ ই-ফাইলিং কার্যক্রম শুরু হরা<br>হয়েছে। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার বার্ষিক<br>কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ এ নির্ধারিত লক্ষ্যমাত্রা<br>অর্জিত হয়েছে। তবে প্রবাসী কল্যাণ ব্যাংক এখনও ই-<br>ফাইলিং কার্যক্রম শুরু করতে পারেনি মর্মে সভায়<br>জানানো হয়। ব্যাংকটির প্রতিনিধি জানান, এ বিষয়ে<br>এটু আই এর সাথে আলাপ হয়েছে, এটু আই সিস্টেমে<br>এখনো ব্যাংক গুলোকে অন্তর্ভুক্ত করা হয়নি বিধায়<br>প্রবাসী কল্যাণ ব্যাংক লক্ষ্যমাত্রা অর্জন করতে<br>পারেনি। সভাপতি বলেন, নির্ধারিত সময়ের মধ্যে<br>মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা ই-ফাইলিং প্রবর্তন করলেও<br>এর পরিধি বাড়াতে হবে। পর্যায়ক্রমে সকল শাখায় ই-<br>ফাইলিং কার্যক্রম চালু করতে হবে। | ক)ই-ফাইলিং কার্যক্রম<br>সকল শাখায় দ্রুততম<br>সময়ে চালু করতে হবে।  | অনুবিভাগ<br>প্রধান<br>দপ্তর/সংস্থা<br>প্রধান (সকল) |
|                                      | ২) বিটিসিএল এর ইন্টারনেট<br>সংযোগ এর পাশাপাশি আরও<br>০২টি প্রতিষ্ঠান থেকে ব্যাক-<br>আপ হিসাবে ইন্টারনেট<br>সংযোগ নিতে হবে। | (২) একাধিক ইন্টারনেট সংযোগ নেয়ার বিষয়ে<br>সহকারী প্রোগ্রামার সভাকে বলেন, নিকটস্থ সকল<br>বেসরকারী ইন্টারনেট সংযোগ প্রদানকারী প্রতিষ্ঠানের<br>সাথে যোগাযোগ করে ইন্টারনেটের গতি ও আর্থিক<br>বিষয়ে পর্যালোচনা করা হয়েছে। সেবা শাখায়<br>ইতোমধ্যে ইউ নোট দিয়ে বিষয়টি অবগত করা<br>হয়েছে। উপসচিব (কর্মসংস্থান) বলেন, বর্তমানে<br>জিটুজি প্লাস প্রক্রিয়ায় মালয়েশিয়ায় কর্মী প্রেরণের<br>কার্যক্রমটি সম্পূর্ণ অনলাইন ভিত্তিক হওয়ায়<br>নিরবিচ্ছিন্ন ও অধিক গতি সম্পন্ন ইন্টারনেট প্রবাহ<br>নিশ্চিত করা প্রয়োজন। বিষয়টি অত্যন্ত জরুরী বিধায়<br>সভাপতি অতিসত্বর ইন্টারনেট সংযোগের একাধিক<br>ব্যাক-আপ গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামার ও সেবা<br>শাখা-কে অনুরোধ করেন।   | ক. (২) দ্রুততম সময়ের<br>মধ্যে মন্ত্রণালয়ের জন্য<br>একাধিক ইন্টারনেট<br>সংযোগ ব্যাক-আপ<br>হিসেবে গ্রহণের ব্যবস্থা<br>নিতে হবে। | সহপ্রোগ্রামা<br>এবং বাজেট<br>ও<br>সেবা শাখা        |



| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত   | আলোচনা  | গৃহীত সিদ্ধান্ত  | বাস্তবায়ন   |
|--------------|---|---|--|--|
|              | <p>৩) ই-ফাইলিং ব্যবস্থা চালু করার পূর্বে কোন উইং এ কি কি সমস্যা আছে তা লিখিতভাবে প্রশাসন শাখাকে ১৫ ফেব্রুয়ারির মধ্যে জানাতে হবে।</p> <p>খ) বার্ষিক কর্মপরিকল্পনা, ২০১৭ এর অগ্রগতির প্রতিবেদন নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।</p> <p>গ) দপ্তর/সংস্থা সেবা গ্রহীতাদের মতামত গ্রহণ বিষয়ে জরুরী পদক্ষেপ নিবে।</p> <p>ঘ) নির্ধারিত সময়ের মধ্যে (APA) এর সকল লক্ষ্য অর্জনে সকলকে সচেতন হতে হবে।</p> | <p>(৩) ই-ফাইলিং ব্যবস্থা চালু করার লক্ষ্যে নিরবচ্ছিন্ন ইন্টারনেট প্রবাহ ও পর্যাপ্ত পরিমাণে উন্নত কম্পিউটার প্রয়োজন মর্মে উইং চীফগণ সভায় মতামত প্রদান করেন। সভাপতি বলেন, ইতোমধ্যে ই-টেন্ডারিং এর মাধ্যমে উন্নত মানের ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের ব্যবস্থা নেয়া হয়েছে। একাধিক ইন্টারনেট সংযোগ অতিসত্বর নেয়ার বিষয়ে তিনি পুনরায় তাগিদ দেন।</p> <p>(খ) যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জানান, সিদ্ধান্তটি বাস্তবায়িত। সুতরাং বিষয়টি ক্লোজ করার বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।</p> <p>(গ) যুগ্মসচিব (প্রশাসন) জানান, মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থায় সেবা গ্রহীতাদের মতামত গ্রহণের লক্ষ্যে নির্ধারিত স্থানে ড্রপ বক্স স্থাপন করা হয়েছে। সভাপতি বলেন, এ বিষয়টি নৈতিকতা ও শুদ্ধাচার চর্চার সাথে ওতপ্রোতভাবে জড়িত। সুতরাং সেবা গ্রহীতাদের মতামত প্রদানের সুবিধার্থে শাখাওয়ারী ফরম প্রস্তুত করতে হবে।</p> <p>(ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ এর অগ্রগতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ সংক্রান্ত কমিটি কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে নিয়মিত সভা করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।</p> | <p>ক. (৩) ই-টেন্ডারিং এর মাধ্যমে ক্রয়কৃত কম্পিউটার মন্ত্রণালয়ের সকল শাখায় চাহিদা মোতাবেক সরবরাহ করতে হবে।</p> <p>(খ) সিদ্ধান্তটি বাস্তবায়িত গণ্য করে সভার আলোচ্য সূচী হতে বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(গ) সেবা গ্রহীতাদের মতামত গ্রহণের সুবিধার্থে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার শাখাওয়ারী সুনির্দিষ্ট ফরম প্রস্তুত করতে হবে।</p> <p>(ঘ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বিষয়ক কমিটি নিয়মিত এ বিষয়ক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে নিয়মিত সভা করবেন।</p> | <p>বাজেট ও সেবা শাখা</p> <p>শাখা প্রধান (সকল)</p> <p>এপিএ কমিটি মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা</p> |

| আলোচ্য বিষয়                    | গত সভার সিদ্ধান্ত   | আলোচনা   | গৃহীত সিদ্ধান্ত  | বাস্তবায়ন   |
|---------------------------------|---|--|--|--|
| ২<br>১৯৪০ বার্ষিকী<br>পরিকল্পনা | ৭ম<br>ক) NSSS এর আওতায় প্রকল্প গ্রহণপূর্বক বাজেট বরাদ্দের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br><br>খ) এ মন্ত্রণালয়কে “সামাজিক বীমা” ক্লাস্টারে অন্তর্ভুক্ত করার জন্য সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (সিএমসি)’র পরবর্তী সভায় এ মন্ত্রণালয়ের প্রস্তাব প্রেরণ করতে হবে।<br><br>গ) বাংলাদেশে অভিবাসী কর্মীদের ইন্স্যুরেন্সের আওতায় আনয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>ঘ) মন্ত্রণালয়ের প্রকল্প গ্রহণ ও বাছাই সংক্রান্ত সভায় NSSS এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নিয়মিত আমন্ত্রণ জানাতে হবে। | ক) এ মন্ত্রণালয়ের উপ প্রধান সভাকে জানান, সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৪.০৩.২০১৭ তারিখে NSSS এর সভা অনুষ্ঠিত হয়েছে। ৩টি প্রকল্প SDG Plan এর অন্তর্ভুক্ত হয়েছে। আশা করা যায় ২০১৭-১৮ অর্থবছরের প্রকল্প তালিকায় এ প্রকল্প গুলো অন্তর্ভুক্ত হবে। তিনি আরো জানান যে প্রকল্প গ্রহণের বিষয়ে আলাদা সভা অনুষ্ঠিত হয়।<br><br>খ) NSSS এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, সিএমসির সভায় সচিব মহোদয় প্রস্তাব উপস্থাপন করলেই এ মন্ত্রণালয় সামাজিক বীমা ক্লাস্টারের অন্তর্ভুক্ত হয়ে যাবে। ক ও খ সিদ্ধান্তের বিষয়গুলো চলমান প্রক্রিয়া বিধায় এ সভার আলোচ্য সূচী হতে বাদ দেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>গ) সকল প্রবাসী কর্মীদের ইন্স্যুরেন্সের আওতায় আনার লক্ষ্যে কল্যাণ বোর্ড ও এ মন্ত্রণালয় যৌথভাবে কাজ করছে মর্মে সভায় জানানো হয়। সভাপতি বলেন এ বিষয়টি দ্রুততম সময়ে বাস্তবায়নের জন্য এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বিশেষ তাগিদ দিয়েছেন। সুতরাং সময় ক্ষেপন না করে দ্রুততম সময়ে সিদ্ধান্তটি বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br><br>ঘ) অভ্যন্তরীণ প্রকল্প যাচাই কমিটি সভায় নিয়মিত NSSS এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হয় মর্মে উপ প্রধান সভাকে অবহিত করেন। বিষয়টি বাস্তবায়িত বিধায় ক্রোজ করা যেতে পারে। | ১) বিগত সভার সিদ্ধান্ত ক ও খ সমন্বয় সভার আলোচ্যসূচী হতে বাদ দেয়া হল।<br><br>২) স্বল্পতম সময়ের মধ্যে প্রবাসী কর্মীদের ইন্স্যুরেন্সের আওতায় আনার বিষয়ে জরুরী দপক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>৩) বিষয়টি চলমান প্রক্রিয়া, সুতরাং আলোচ্যসূচী হতে বাদ দেয়া যেতে পারে। | ওয়েজ আর্নাস<br>কল্যাণ বোর্ড<br>ও ফোকাল<br>পয়েন্ট<br>NSSS |
|                                 | ক) অভিবাসনে পিছিয়ে থাকা জেলা চিহ্নিত করে তালিকা প্রণয়ন করে কর্মসূচী গ্রহণ করতে হবে।<br><br>খ) দুর্যোগপ্রবণ এলাকাগুলোর টিটিসি গুলোকে পিপিপি এর আওতায় নিতে হবে।  | ক) বিএমইটি প্রতিনিধি বলেন, অভিবাসনে পিছিয়ে থাকা জেলাগুলোকে জব ফেয়ার আয়োজনের সময় অগ্রাধিকার দেয়া যেতে পারে। যুগ্মসচিব (কর্মসংস্থান) বলেন যে, অভিবাসনে কিছু জেলা পিছিয়ে থাকার অন্যতম কারণ হল, সেসব জেলার মানুষের মধ্যে বিদেশ গমন ভীতি, ঘর কাতরতা ইত্যাদি। স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে নিয়ে সেসব জেলার মানুষকে অভিবাসনে উদ্বুদ্ধ করতে হবে। সভাপতি এ বিষয়ে বলেন, জনসচেতনতা সৃষ্টির পাশাপাশি এ মন্ত্রণালয় হতে একটি সুচিন্তিত, যুগোপযোগী পলিসি তৈরি করা দরকার।<br><br>খ) দুর্যোগপ্রবণ জেলা গুলোতে ইতোমধ্যে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে মর্মে মহাপরিচালক, বিএমইটি সভাকে জানান। উপজেলা পর্যায়ে টিটিসি নির্মানের ক্ষেত্রে দুর্যোগ প্রবণ উপজেলাকে টিটিসি নির্মানের অগ্রাধিকার দেয়া হলে সেসব উপজেলার লোকজন উপকৃত হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।   | ক.১ অভিবাসনে পিছিয়ে থাকা জেলা গুলো থেকে কর্মী নেয়ার বিষয়ে যুগ্মসচিব (কর্মসংস্থান ও পলিসি) এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা যায়।<br><br>খ) দুর্যোগপ্রবণ উপজেলা গুলোকে টিটিসি নির্মাণ প্রকল্পে অগ্রাধিকার দিতে হবে।  | প্রশাসন উইং<br>মন্ত্রণালয়<br><br>বিএমইটি                  |



| আলোচ্য বিষয়   | গত সভার সিদ্ধান্ত   | আলোচনা   | গৃহীত সিদ্ধান্ত   | বাস্তবায়ন   |
|--|---|--|---|--|
| ২.১. ইনোভেশন কমিটির কার্যক্রম                            | ক) দ্রুততম সময়ের মধ্যে অনলাইনে সিআইপি আবেদন গ্রহণের কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>খ) নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণের গুণভিত্তিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে জরুরী ভিত্তিতে প্রেরণ করতে হবে।<br><br>গ) সভা/সেমিনার/ওয়ার্কশপ/প্রশিক্ষণ শেষে ছক মোতাবেক প্রতিবেদন পরবর্তী ০২ কার্যদিবসের মধ্যে জমা দিতে হবে। | ক) সিনিয়র সহকারী সচিব (সেবা) সভাকে জানান, অনলাইনে সিআইপি আবেদন গ্রহণের সফট ওয়ার তৈরির জন্য গত ১২.০২.২০১৭ তারিখে ক্রিয়েটেক বাংলাদেশ লিঃ এর অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়। উক্ত প্রতিষ্ঠান কাজ সম্পন্ন করেছে। উক্ত সফট ওয়ারটি পর্যালোচনা করার জন্য মিশন ও কল্যাণ অনুবিভাগ প্রধান এবং আইটি শাখা প্রধানকে অনুরোধ করা হয়েছে। অতিরিক্ত সচিব (মিশন ও কল্যাণ) সফটওয়ারটি অতিসত্বর উপস্থাপন করার জন্য আইটি শাখার সহকারী প্রোগ্রামার ও আইটি কনসালটেন্টের দৃষ্টি আকর্ষণ করেন। সফটওয়ারটির রিভিউর পর উক্ত প্রতিষ্ঠানের বিলের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে মর্মে সভায় একমত পোষণ করা হয়।<br><br>খ) উপসচিব (প্রশাসন) বলেন, মন্ত্রিপরিষদ বিভাগে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক যে প্রতিবেদন প্রেরণ করা হয়, তাতে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার উদ্ভাবন গুলোকে পৃথক পৃথক ভাবে উপস্থাপন করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সভাপতি এ বিষয়টি অনুসরণের জন্য মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br><br>গ) সভা/সেমিনার/ওয়ার্কশপ শেষে দ্রুততম সময়ের মধ্যে প্রতিবেদন জমা দেয়ার সুবিধার্থে একটি ছক প্রস্তুতপূর্বক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে মর্মে প্রশাসন শাখা থেকে সভাকে অবহিত করা হয়। উক্ত ছক মোতাবেক প্রতিবেদন দেয়ার জন্য সভাপতি সকল কর্মকর্তাকে অনুরোধ জানান এবং বিষয়টি সভার আলোচ্য সূচী থেকে ক্রোজ করা যেতে পারে মর্মে তিনি বলেন। | (ক) অতিসত্বর সিআইপি আবেদন গ্রহণের সফটওয়ারটি পর্যালোচনার জন্য উপস্থাপন করতে হবে।<br><br>খ) নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রতিবেদনে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার উদ্ভাবনসমূহ পৃথক পৃথক ভাবে উপস্থাপন করতে হবে।<br><br>গ) সভা/সেমিনার/প্রশিক্ষণ ইত্যাদিতে অংশগ্রহণের পর নির্ধারিত ছক মোতাবেক পরবর্তী ২ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন প্রশাসন শাখায় জমা দিতে হবে। বিষয়টি সভার আলোচ্য সূচী থেকে ক্রোজ করা যেতে পারে। | বাজেট ও সেবা শাখা এবং সহঃ প্রোগ্রামার<br><br>সদস্য সচিব ইনোভেশন টিম, (মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা)<br><br>সকল কর্মকর্তা |
|  | ঘ) মোবাইলে অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটির আনুষ্ঠানিক উদ্বোধন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।   | ঘ) মোবাইল অনলাইনে ভিসা চেকিং এ্যাপস বিএমইটির একটি গুরুত্বপূর্ণ জনবান্ধব উদ্ভাবন। এই এ্যাপসটির আনুষ্ঠানিক উদ্বোধন কার্যক্রমকে ত্বরান্বিত করার জন্য সভাপতি বিএমইটির মহাপরিচালককে অনুরোধ জানান।   | ঘ) মোবাইল অনলাইন ভিসা চেকিং এ্যাপসটির আনুষ্ঠানিক উদ্বোধন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।   | বিএমইটি  |
| ২.২. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি প্রতি সমন্বয় সভায় অবহিত করতে হবে।   | যুগ্মসচিব (প্রশাসন) জানান, গত ১৬.০২.১৭ ইং তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভার কার্যবিবরণী ড্যাশবোর্ডে আপলোড করা হয়েছে। সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে আন্তরিকভাবে কাজ করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।  | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন সমন্বয় সভায় অবহিত করতে হবে।   | প্রশাসন ও অর্থ অনুবিভাগ এবং দপ্তর/সংস্থা   |
| ২.৩. অডিট আপত্তি সংক্রান্ত                               | ছক মোতাবেক অডিট সংক্রান্ত তথ্য বাজেট অধিশাখা ও সমন্বয় শাখায় নিয়মিত প্রেরণ  | সভাপতি বলেন অডিট আপত্তির জবাব নিয়মিত প্রেরণ করতে হবে। যুগ্মসচিব (বাজেট ও সেবা) বলেন ইতোমধ্যে মন্ত্রণালয়ের ১০টি অডিট আপত্তির জবাব   | অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সর্বাঙ্গিক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।  | যুগ্মসচিব (বাজেট ও সেবা) ও   |



| আলোচ্য বিষয়        | গত সভার সিদ্ধান্ত  | আলোচনা   | গৃহীত সিদ্ধান্ত  | বাস্তবায়ন   |
|---------------------|--|--|--|--------------|
|                     | করতে হবে।  | তৈরী করে প্রেরণ করা হয়েছে। দপ্তর/সংস্থার প্রধানগণ অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে তাদের সর্বাত্মক প্রচেষ্টার কথা সভাকে অবহিত করেন।  |  | দপ্তর/সংস্থা |
| ২.৪ অনিষ্পন্ন বিষয় | পত্র গ্রহণের জন্য জনবল বৃদ্ধিপূর্বক পত্র প্রাপ্তির ০১ দিনের মধ্যে সংশ্লিষ্ট শাখায় পত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | মন্ত্রণালয়ের পত্র গ্রহণ ও বিতরণ যেন বিলম্বিত না হয় সে লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জানান। ইতোমধ্যে নতুন কর্মচারী নিয়োগের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। খুব শীঘ্রই শাখা গুলোতে চাহিদা মোতাবেক জনবল সর্বস্বরূপে করা সম্ভব হবে বলে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। | জরুরী ভিত্তিতে পত্র গ্রহণ ও বিতরণ শাখায় জনবল বৃদ্ধি করতে হবে। | প্রশাসন শাখা |

দপ্তর/সংস্থা :

৩.০. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

| আলোচ্য বিষয়        | গত সভার সিদ্ধান্ত  | আলোচনা  | গৃহীত সিদ্ধান্ত  | বাস্তবায়ন                                      |
|---------------------|--|---|--|---|
| ১                   | ২  | ৩   | ৪  | ৫   |
| ৩.১ মামলা সংক্রান্ত | পদ সৃজন সম্পর্কিত সম্মতি সংগ্রহের জন্য অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | প্রশাসন শাখা থেকে জানানো হয়, আইনসেলের পদ সৃজন সংক্রান্ত সম্মতি সংগ্রহের জন্য গত ১.২.১৭ তারিখ অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। বিএমইটি প্রতিনিধি জানান, বিএমইটিতে মামলা সংক্রান্ত বিষয়াদি পরিচালনার জন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে।<br>উপসচিব (প্রশাসন) সভায় উপস্থিত মন্ত্রণালয়ের সকল কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে বলেন মন্ত্রণালয়ের অর্গানোগ্রাম পুনর্গঠনের লক্ষ্যে সকল শাখা/অধিশাখা/অনুবিভাগ থেকে নির্ধারিত ছকে প্রতিবেদন চাওয়া হয়েছে। কিন্তু সব শাখা থেকে এখনও প্রতিবেদন পাওয়া যায় নি। সভাপতি বলেন অর্গানোগ্রাম পুনর্গঠন এ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬ -১৭ এর একটি অন্যতম লক্ষ্যমাত্রা। সুতরাং অতিসত্বর এ সংক্রান্ত প্রতিবেদন প্রশাসন শাখায় প্রেরণের জন্য তিনি সকলকে অনুরোধ জানান। | (ক) আইন সেলের পদ সৃজনের কার্যক্রম ত্বরান্বিত করতে অর্থ মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে।<br><br>(খ) মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো পুনর্গঠনের লক্ষ্যে ছক মোতাবেক চাহিত প্রতিবেদন ১ কার্যদিবসের মধ্যে প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | প্রশাসন শাখা<br><br>উইং চীফ ও শাখা প্রধান (সকল) |

ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড :

| আলোচ্য বিষয়  | গত সভার সিদ্ধান্ত   | আলোচনা   | গৃহীত সিদ্ধান্ত   | বাস্তবায়ন                |
|---|---|--|---|---------------------------|
| ১   | ২   | ৩  | ৪   | ৫                         |
| ৩.১. বিদেশে মৃত কর্মীর সংখ্যা, বিদেশ থেকে মৃতদেহ আনার সংখ্যা, ক্ষতিপূরণ দেওয়ার পরিমাণ ইত্যাদি সম্পর্কে আপডেট তথ্য প্রদান | কলসেন্টারে প্রাপ্ত অভিযোগ সম্পূর্ণ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মনিটর করতে হবে।   | কল্যাণ বোর্ড প্রতিনিধি সভাকে জানান, প্রবাসবন্ধু কলসেন্টারে প্রাপ্ত অভিযোগ সম্পূর্ণ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড মনিটর করে থাকে। সভাপতি বলেন, সম্প্রতি মন্ত্রিপরিষদ বিভাগ হতে এ কলসেন্টার বিষয়ে আলোচনার লক্ষ্যে জরুরী সভা আহবান করা হয়েছে। সুতরাং নিঃসন্দেহে বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কলসেন্টারটির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য তিনি অনুরোধ জানান। | কলসেন্টারে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির সর্বশেষ অবস্থা পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।                        |                           |
| ৩.২ মেডিকেল অফিসার নিয়োগ   | মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের আকস্মিক অসুস্থতায় চিকিৎসা সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিএমইটির মহা পরিচালক সভাকে জানান, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের আকস্মিক অসুস্থতার চিকিৎসা সেবা প্রদানের জন্য পূর্বে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডে একজন খন্ডকালীন ডাক্তার ছিল। কল্যাণ বোর্ডের বোর্ড সভায় পুনরায় এ বিষয়ে অনুমোদন গ্রহণপূর্বক একজন মেডিকেল অফিসার নিয়োগ করা যেতে পারে। সভাপতি এ বিষয়টি  | একজন মেডিকেল অফিসার নিয়োগের বিষয়ে কল্যাণ বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক পরবর্তী সমন্বয় সভায় অবহিত করবে। | ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড |



| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত                    | আলোচনা  | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|--------------|--------------------------------------|---|-----------------|------------|
|              | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | একজন মেডিকেল অফিসার নিয়োগ করা যেতে পারে। সভাপতি এ বিষয়টি কল্যাণ বোর্ডের বোর্ড সভায় জরুরী ভিত্তিতে উপস্থাপনের জন্য কল্যাণ বোর্ডের প্রতিনিধিকে অনুরোধ জানান। | করবে।           |            |

#### বোয়েসেল :

| আলোচ্য বিষয়              | গত সভার সিদ্ধান্ত   | আলোচনা  | গৃহীত সিদ্ধান্ত  | বাস্তবায়ন |
|---------------------------|---|---|--|------------|
| ১                         | ২   | ৩   | ৪  | ৫          |
| ৫.১. বোয়েসেলের কার্যক্রম | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-২০১৭ এ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সক্রিয় থাকতে হবে। | বোয়েসেল প্রতিনিধি সভাকে জানান শ্রম বাজার সম্প্রসারণে এ মন্ত্রণালয় ও বিএমইটির সহযোগিতা একান্ত প্রয়োজন। শ্রম বাজার সম্প্রসারণের লক্ষ্যে বিদেশ সফরসহ যেকোনও বিষয়ে বিএমইটি ও এ মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করার জন্য সভাপতি বোয়েসেল প্রতিনিধিকে পরামর্শ প্রদান করেন। | বিদেশে অধিক কর্মী প্রেরণের লক্ষ্যে শ্রমবাজার সম্প্রসারণ বিষয়ে বোয়েসেল মন্ত্রণালয় ও বিএমইটির সাথে যোগাযোগ অব্যাহত রাখবে। | বোয়েসেল   |

#### প্রবাসী কল্যাণ ব্যাংক :

| আলোচ্য বিষয়                           | গত সভার সিদ্ধান্ত   | আলোচনা  | গৃহীত সিদ্ধান্ত  | বাস্তবায়ন            |
|--|---|---|--|-----------------------|
| ১                                      | ২   | ৩   | ৪  | ৫                     |
| ৬.১. প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম | প্রবাসী কল্যাণ ব্যাংককে বানিজ্যিক ব্যাংকে রূপান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রবাসী কল্যাণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সভাকে জানান, ব্যাংকটিকে বানিজ্যিক ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় থেকে সম্মতি পাওয়া গিয়েছে। গত ১৪.০৩.২০১৭ তারিখ অর্থ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় প্রবাসী কল্যাণ ব্যাংকের প্রয়োজনীয় ৩০০ কোটি টাকার মধ্যে ২৫০ কোটি টাকা অর্থ মন্ত্রণালয় থেকে সর্বস্ব গ্রহণ করা হবে মর্মে নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সভাপতি বলেন, এই সিদ্ধান্ত শুধু ব্যাংকের জন্য নয়, এ মন্ত্রণালয়ের জন্য অন্যতম সাফল্য। তিনি আরো বলেন, এ সাফল্য অর্জনে ব্যাংকিং ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব মহোদয়ের সহযোগিতা অনস্বীকার্য। তাঁর বরাবর একটি আধা-সরকারি পত্র প্রেরণের বিষয়ে সভায় সকলে একমত পোষন করেন। | (ক) ব্যাংকিং ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব মহোদয়কে একটি আধা-সরকারি পত্র দেয়া হবে।<br>(খ) অর্থ মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ রেখে ব্যাংকটিকে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রবাসী কল্যাণ ব্যাংক |

#### ৭.১ বিবিধ :

মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের প্রেরিত দুর্নীতি দমন বিষয়ক ডিও পত্রের বিষয়ে আলোচনার পরিপ্রেক্ষিতে সভাপতি বলেন, সম্প্রতি টিআইবি থেকে দুর্নীতি দমন বিষয়ক একটি প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত প্রতিবেদনের বিষয়ে এ মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধান এবং দপ্তর/সংস্থা পদ্ধতিগত মতামত প্রদানের জন্য ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত বিষয়ে চাহিত মতামত দ্রুততম সময়ের মধ্যে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

৭.২ গত ১৮ ফেব্রুয়ারী, ২০১৭ তারিখ মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার আয়োজিত বনভোজন সফলভাবে সম্পন্ন হওয়ায় সভাপতি সকলকে আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিষয়টি বাস্তবায়িত বিধায় ক্লোজ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

জাবেদ আহমেদ  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)